



জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন সরকারি
কর্মচারী হাসপাতালের
'পেডি. সাইকিয়াট্রিস্ট' (৯ম গ্রেড)
পদের লিখিত পরীক্ষা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
ইউনিট-১০
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

স্মারক নম্বর-৮০.০০.০০০০.১১০.১১.০০৬.২৪ (অংশ-১১)- ১৬২

তারিখ: ২১ বৈশাখ ১৪৩৩
১২ মে ২০২৬

বিষয়: জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন সরকারি কর্মচারী হাসপাতালের 'পেডি. সাইকিয়াট্রিস্ট' (৯ম গ্রেড) এর শূন্য পদের লিখিত পরীক্ষার তারিখ, সময়, আসন ব্যবস্থা এবং নির্দেশাবলি।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন সরকারি কর্মচারী হাসপাতালের 'পেডি. সাইকিয়াট্রিস্ট' (৯ম গ্রেড) পদের লিখিত পরীক্ষার তারিখ, সময়, আসন ব্যবস্থা এবং জরুরি নির্দেশাবলি নিম্নে উল্লেখ করা হলো :


লিখিত পরীক্ষার তারিখ, সময়, আসন ব্যবস্থা ও জরুরি নির্দেশাবলি :

পদের নাম, বিজ্ঞপ্তির নম্বর ও তারিখ	প্রার্থীর সংখ্যা	কেন্দ্রের নাম	পরীক্ষার তারিখ ও সময়
পেডি. সাইকিয়াট্রিস্ট (৯ম গ্রেড) বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর: ৪৭ তারিখ: ১৩-০২-২০২৫	১৭ জন	নন-ক্যাডার ভল্টরুম-২ এর সামনে, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।	তারিখ : ০৪-০৬-২০২৬ খ্রি. রোজ : বৃহস্পতিবার সকাল ১১:০০ টা হতে বিকাল ৩:০০ টা পর্যন্ত

- প্রার্থীদের প্রবেশপত্র কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd এবং টেলিটক বাংলাদেশ লিঃ এর ওয়েবসাইট <http://bpsc.teletalk.com.bd> থেকে ডাউনলোড করে সংগ্রহ করা যাবে।
- প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।
- পরীক্ষার নির্ধারিত সময়ের কমপক্ষে ৩০ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হবার ১৫ মিনিট পর কোনো প্রার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হবার ২ ঘণ্টার মধ্যে কোনো প্রার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।
- প্রার্থীদেরকে বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে এবং সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, কোনোরূপ কাটাকাটি করলে, উত্তরপত্রে ফ্লুইড লাগালে তার প্রার্থিতা বাতিল হবে।
- হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর ও নামের পাশে তার ছবি এবং প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে, মিল না থাকলে উক্ত প্রার্থীকে বহিষ্কার করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ভূয়া প্রার্থীদের বিরুদ্ধে বিশেষ তল্লাশি অভিযান পরিচালনার ব্যবস্থা করা হবে। পরীক্ষা কেন্দ্রে বই-পুস্তক, ব্যাগ, ভ্যানিটি ব্যাগ, মানি ব্যাগ, যেকোন ধরনের হাতঘড়ি, মোবাইল ফোন, যে কোন ধরনের অলংকার, সানগ্লাস জাতীয় চশমা, ক্রেডিট কার্ড বা কার্ড সদৃশ যে কোন বস্তু, কোনোরূপ ইলেকট্রনিক ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ। নিষিদ্ধ ঘোষিত সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করে তার প্রার্থিতা বাতিল করা হবে। উক্ত প্রার্থীকে বহিষ্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- প্রতিবন্ধী পরীক্ষার্থীদের মধ্যে যাদের শুলিলেখক প্রয়োজন তাঁদেরকে আগামী ১৯-০৫-২০২৬ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে শুলিলেখকের জন্য কমিশনের ঢাকাস্থ প্রধান কার্যালয়ে পরিচালক, ইউনিট-১০ বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে। প্রাপ্ত আবেদনপত্র বিবেচনাপূর্বক কর্ম কমিশন হতে শুলিলেখক প্রদান করা হবে।

ক্রমশ/২

৮. প্রতিবন্ধী পরীক্ষার্থী কর্তৃক কমিশনে দাখিলকৃত আবেদনের পরিপ্রেক্ষিতে কেবল বাংলাদেশ সরকারী কর্ম কমিশন হতে অনুমোদিত শুলিলেখককে ছবি সংবলিত অনুমতিপত্র প্রদান করা হবে। কমিশন হতে ইস্যুকৃত ছবিযুক্ত অনুমতিপত্রসহ শুলিলেখককে সংশ্লিষ্ট প্রতিবন্ধী পরীক্ষার্থীর সাথে পরীক্ষা হলে উপস্থিত হতে হবে।
৯. পরীক্ষার সময় প্রার্থীরা কানের উপর কোনো আবরণ রাখতে পারবেন না, কান খোলা রাখতে হবে।
১০. সায়েন্টিফিক ক্যালকুলেটর, প্রোগ্রামেবল ক্যালকুলেটর বা এ জাতীয় কোনো যন্ত্র ব্যবহার করা যাবে না। তবে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে।
১১. প্রার্থীদের বাংলা-৪০, ইংরেজি-৪০, সাধারণ জ্ঞান-৪০ এবং প্রাসঙ্গিক টেকনিক্যাল/প্রফেশনাল বিষয়-৮০ নম্বরসহ সর্বমোট ২০০ নম্বরের ৪ ঘণ্টা সময়ের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
১২. প্রার্থীকে পরীক্ষার হলে একই সাথে ০৪ টি বিষয়ের জন্য ০৪ টি আলাদা আলাদা উত্তরপত্র প্রদান করা হবে। প্রার্থীগণকে বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান এবং প্রাসঙ্গিক টেকনিক্যাল/প্রফেশনাল বিষয়ের উত্তর প্রদানের জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করতে হবে। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে।
১৩. কোনো প্রার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তের গুরুতর (substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।
১৪. বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd-এ পাওয়া যাবে।
 - ❖ পড়াশোনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।
 - ❖ চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীদের অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।


১১/১২/০৫/২০২১
দিলাওয়েজ দুর্দানা
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)